# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

স্মারক নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১১.০০২.২১-৪৬৪ তারিখঃ ০১/০৬/২০২২খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ব্যাংকের নিম্নবর্ণিত শূন্যপদে সরাসরি নিয়োগের নিমিত্তে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | গাড়িচালক (ড্রাইভার) | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৭ (সাত) টি | অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, বরগুনা ও পটুয়াখালী। |
| ২ | নিরাপত্তা প্রহরী | টাঃ ৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১৭৬ (একশত ছিয়াত্তর) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগ বা সমমানের জিপিএ থাকতে হবে এবং নিরাপত্তা কাজে প্রশিক্ষণ থাকতে হবে। তবে শর্ত থাকে যে, সেনাবাহিনী/বিডিআর/পুলিশ/ আনসার বাহিনী হতে অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। | খাগড়াছড়ি |
| ৩ | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ৯৯ (নিরানব্বই) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ উত্তম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, চাঁদপুর, বরিশাল, নেত্রকোনা, টাঙ্গাইল, সাতক্ষীরা, নাটোর, জয়পুরহাট এবং ফরিদপুর। |

**০১. আবেদনের শর্তাবলীঃ**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

খ. ০৭ জুন, ২০২২খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, প্রতিবন্ধী ও বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

গ. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে;

ঘ. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করা হবে;

ঙ. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারীকৃত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে;

চ. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বিজ্ঞপ্তির সময়সীমা বর্ধিতকরণসহ নিয়োগ সংক্রান্ত অন্যান্য সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে;

ছ. গাড়িচালক (ড্রাইভার) পদের প্রার্থীদের প্র্যাক্টিক্যাল পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে;

জ. নিরাপত্তা প্রহরী পদের প্রার্থীদের শারীরিক যোগ্যতার পরীক্ষা, বাছাই পরীক্ষা (MCQ/লিখিত) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে;

ঝ. অফিস সহায়ক পদের প্রার্থীদের বাছাই পরীক্ষা (MCQ/লিখিত) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে;

ঞ. সকল পদের পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট পদের প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

ট. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অনলাইনে পূরণকৃত আবেদন ফরম (Application Form) সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ, প্রশিক্ষণ সনদ ও বিশেষ কোটা সংক্রান্ত সনদের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। এছাড়া, শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদপত্রের ১ সেট ফটোকপি এবং প্রার্থীর ৪ কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে; এতদসংক্রান্ত ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

ঠ. নির্বাচিত প্রার্থীদের প্যানেল সংরক্ষণ করা হবে;

ড. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

ঢ. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

ণ. এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত সকল তথ্য ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে (www.pkb.gov.bd) পাওয়া যাবে।

**০২. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pkb.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

- i. online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৭/০৬/২০২২খ্রিঃ সকাল ১০.০০টা।
- ii. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৬/০৭/২০২২খ্রিঃ বিকাল ৫টা।
- iii. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং প্র্যাক্টিক্যাল পরীক্ষা/শারীরিক যোগ্যতার পরীক্ষা, MCQ/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী এবং পরীক্ষার ফি প্রদানঃ** online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ২ ও ৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ০৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: PKB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB ABCDEF

দ্বিতীয় SMS: PKB<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB YES XXXXXXXXXX

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pkb.teletalk.com.bd **অথবা প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইট** www.pkb.gov.bd **এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে**। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহা করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি প্রাক্টিক্যাল পরীক্ষার/শারীরিক যোগ্যতার পরীক্ষা, MCQ/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেনঃ

i. User ID জানা থাকলে PKB<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে PKB<space>Help<space>PIN<space>PIN No. লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও প্রবাসী কল্যাণ ব্যাংক এর ওয়েবসাইটে (www.pkb.gov.bd) অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসির প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pkb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: PKB, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

স্বাক্ষরিত/-

**মোঃ জাহাঙ্গীর হোসেন**

মহাব্যবস্থাপক (প্রশাসন)

জিডি-১১৫২